



পারমাণবিক ইস্যুতে ইরানের সঙ্গে সমঝোতার পথে যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান আলোচনায় একটি প্রাথমিক সমঝোতার কাঠামো নিয়ে অগ্রগতি হয়েছে বলে বিভিন্ন প্রতিবেদনে জানা গেছে। এতে ইরানের পারমাণবিক কর্মসূচি সীমিত করা, অর্থনৈতিক নিষেধাজ্ঞা আংশিক শিথিল করা এবং আঞ্চলিক উত্তেজনা কমানোর বিষয়গুলো গুরুত্ব পাচ্ছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যম অ্যাক্সিওসের তথ্য অনুযায়ী, আলোচনায় এমন একটি সময়সীমার কথা রয়েছে যার মধ্যে যুক্তরাষ্ট্র ধাপে ধাপে কিছু নিষেধাজ্ঞা কমাতে পারে এবং আটকে থাকা ইরানি সম্পদ আংশিকভাবে ছাড় করার বিষয় বিবেচনায় নিতে পারে।

অন্যদিকে ইরান মধ্যস্থতাকারীদের মাধ্যমে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কার্যক্রম সীমিত রাখার বিষয়ে নীতিগতভাবে সম্মতি দেওয়ার ইঙ্গিত দিয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। তবে তেহরান একই সঙ্গে জন্ম অর্থ দ্রুত ফেরত এবং নিষেধাজ্ঞা স্থায়ীভাবে তুলে নেওয়ার দাবি জানাচ্ছে।

খসড়া প্রস্তাবে আরও ধারণা দেওয়া হয়েছে, ইরান যদি পারমাণবিক অস্ত্র তৈরি না করার নিশ্চয়তা দেয়, তাহলে যুক্তরাষ্ট্র ধীরে ধীরে বন্দর ও বাণিজ্য সংক্রান্ত কিছু বিধিনিষেধ শিথিল করতে পারে। এর সঙ্গে আন্তর্জাতিক নৌপথ হিসেবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নিরাপত্তা ও খোলা চলাচলের বিষয়টিও যুক্ত রয়েছে।

প্রতিবেদনগুলো বলছে, এই ধরনের সমঝোতা কার্যকর হলে পরবর্তী ধাপে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে আরও বিস্তৃত আলোচনার পথ খুলে যেতে পারে।

এর আগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, দুই দেশের মধ্যে প্রাথমিক পর্যায়ের একটি সমঝোতার অগ্রগতি হয়েছে, যেখানে হরমুজ প্রণালি সচল রাখার বিষয়টিও আলোচনায় রয়েছে।